

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১৭৩০

পর্ব-৫: জানাযা (كتاب الجنائز)

পরিচ্ছেদঃ ৭. প্রথম অনুচ্ছেদ - মৃত ব্যক্তির জন্য কাঁদা

ٱلْبُكَاءُ عَلَى الْمَيِّتِ

আরবী

وَعَنْ أَبِي هُرَيْرَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لِنِسْوَةٍ مِنَ الْأَنْصَارِ: لَا يَمُوتُ لِإِحْدَاكُنَّ ثَلَاثَةٌ من الْوَلَد فتحتسبه إِلَّا دخلت الْجنَّة. فَقَالَ امْرَأَةٌ مِنْ الْوَلَد فتحتسبه إِلَّا دخلت الْجنَّة. فَقَالَ امْرَأَةٌ مِنْ الْوَلَد فتحتسبه إِلَّا دخلت الْجنَّة. فَقَالَ امْرَأَةٌ لم مِنْهُنَّ: أَو اثْنَانِ يَا رَسُولَ اللَّهِ؟ قَالَ: أَوْ اثْنَانِ . رَوَاهُ مُسْلِمٌ وَفِي رِوَايَةٍ لَهما: «ثَلَاثَة لم يبلغُوا الْحِنْث»

বাংলা

১৭৩০-[৯] আবৃ হুরায়রাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম আনসারদের কিছু সংখ্যক মহিলাকে উদ্দেশ করে বলেন, তোমাদের যে কারো তিনটি সন্তান মৃত্যুবরণ করবে, আর সে (এজন্য) ধৈর্যধারণ করে সাওয়াবের প্রত্যাশা করবে, সে জান্নাতে প্রবেশ করবে। (এ কথা শুনে) তাদের একজন বলল, যদি দু' সন্তান মৃত্যুবরণ করে, হে আল্লাহর রসূল! তিনি বললেন, হ্যাঁ। দু'জন করলেও। (মুসলিম; মুসলিমের এক বর্ণনায় আছে, এমন তিন সন্তান মারা গেলে যারা প্রাপ্তবয়স্ক হয়নি [তাদের জন্য এ সুসংবাদ])[1]

ফুটনোট

[1] সহীহ : বুখারী ১০২, মুসলিম ২৬৩৪, ২৬৩২, আহমাদ ৭৭২১, সহীহ আত্ তারগীব ১৯৯২।

ব্যাখ্যা

ব্যাখ্যা: আলোচ্য হাদীসে (﴿كُوْ) 'ওয়ালাদ' বলতে ছেলে ও মেয়ে উভয়কে বুঝানো হয়েছে। হাদীসটি এ কথার দিকে সুস্পষ্ট ইঙ্গিত বহন করছে যে, যখন কোন মুসলিমের তিনটি অপ্রাপ্ত বয়ক্ষ সন্তান মারা যায় এবং সে সাওয়াব পাবার আশায় এ উপর ধৈর্য ধারণ করে, আল্লাহ তাকে জান্নাতে প্রবেশ করাবেন। তবে এ ক্ষেত্রে শর্ত হল, তাকে মুসলিম হতে হবে এবং আল্লাহর ফায়সালার উপর সম্ভুষ্ট থাকতে হবে।



সন্তানের সংখ্যা তিনের মধ্যে সীমাবদ্ধ নয় বরং যদি কারো দু'টি সন্তানও মারা যায় তাহলে সেও অনুরূপ পুরস্কার লাভ করবে। অর্থাৎ দুই ও তিন একই পুরস্কার বহন করবে।

আমাদের অবশ্যই মনে রাখতে হবে যে, হাদীসে যে সন্তানের কথা বলা হচ্ছে তা হল, অপ্রাপ্ত বয়স্ক সন্তানের কথা, অর্থাৎ যাদের ওপর শারী আতের বিধান আরোপিত হয়নি এবং যাদের পাপ-পুণ্য লেখার বয়স হয়নি তাদের কথা বলা হচ্ছে। যেমনটা আমরা মুসলিমের বর্ণনায় পাই। তাহলে পরিশেষে আমরা বলতে পারি, যদি কোন মুসলিম নর-নারীর অপ্রাপ্ত বয়স্ক দুই বা তিনটি সন্তান মারা যায় এবং সে এতে ধৈর্য ধারণ করে, তবে সে জান্নাতে প্রবেশ করেবে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন